গত ০৫-০৬-২০১৭খ্রিঃ রোজ- সোমবার বেলা ১১.০০ ঘটিকায় ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষে (৩য় তলা) অনুষ্ঠিত ঢাকা মহানগরীর রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/তেজগাঁও/মিরপুর/গুলশান/উত্তরা বিভাগের মে/২০১৭ খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা ও অপহরণ মামলাসমূহের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্তে মনিটরিং সেলের সভার কার্যবিবরণী ঃ

সভাপতি ঃ অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।

তারিখ ঃ ০৫-০৬-২০১৭ খ্রিঃ ।

সময় ঃ সকাল ১১.০০ ঘটিকা।

স্থান ঃ ডিএমপি সদর দপ্তর সম্মেলন কক্ষ (৩য় তলা)।

সভায় উপস্থিত কর্মকর্তাবৃন্দের নামের তালিকা (জেষ্ঠ্যতার ক্রমানুসারে) ঃ

১.	জনাব মোঃ মিজানুর রহমান বিপিএম(সেবা), অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
২.	জনাব মীর রেজাউল আলম,বিপিএম-সেবা, যুগ্ম-পুলিশ কমিশনার (অপারেশন্স)
৩.	জনাব মোঃ সাজ্জাদুর রহমান,উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-পশ্চিম)
৪.	জনাব মীর মোদ্দাছ্ছের হোসেন, উপ-পুলিশ কমিশনার (সিরিয়াস ক্রাইম ইনভেস্টিগেশন)
৫.	জনাব খোন্দকার নূরুন্নবী, পিপিএম (সেবা), উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-পূর্ব)
৬.	জনাব মোহাম্মদ আনিসুর রহমান, উপ-পুলিশ কমিশনার (প্রসিকিউশন)
৭.	জনাব মোঃ শহিদুল্লাহ পিপিএম, অতিঃ উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-দক্ষিণ) অতিরিক্ত দায়িত্বে উপ-পুলিশ কমিশনার (গোয়েন্দা-দক্ষিণ), ডিএমপি, ঢাকা।
৮.	জনাব মোঃ হুমায়ুন কবীর,অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার (ক্রাইম)
৯.	জনাব মোঃ আব্দুল্লাহিল কাফী, সিনিয়র এসি (ধানমন্ডি জোন)
১০.	জনাব শামসুল আরেফীন, সিনিয়র এসি (অবৈধ অস্ত্র উদ্ধার ও প্রতিরোধ টিম, ডিবি দক্ষিণ)
১১.	জনাব মোঃ শফিকুল ইসলাম, সিনিয়র এসি (মাদক-ডিবি পশ্চিম)
১২.	জনাব রুহুল আমীন সাগর, এসি (বিমানবন্দর জোন)
১৩.	জনাব ফজলুর রহমান, এসি (শ্যামপুর জোন)
১৪.	জনাব মোঃ সোহেল রানা, এসি (ওয়ারী জোন)
১৫.	জনাব রুবাইয়াত জামান, এসি (তেজগাঁও জোন)
১৬.	জনাব মোঃ আরিফুল ইসলাম, এসি (মতিঝিল জোন)
১৭.	জনাব মোঃ ওবায়দুর রহমান, এসি (সবুজবাগ জোন)
১৮.	জনাব ইশতিয়াক হাসান আমীন, এসি (ক্রাইম)-১
১৯.	জনাব মোঃ আশরাফুল করিম, এসি (বাড্ডা জোন)
২০.	জনাব মোঃ জাহাঙ্গীর আলম, এসি (মিরপুর জোন)
২১.	জনাব নাদিয়া জুঁই, এসি (খিলগাঁও জোন)
২২.	জনাব মোঃ মিজানুর রহমান, এসি (দক্ষিণখান জোন)
২৩.	জনাব মৃত্যুঞ্জয় দে সজল, এসি (ক্রাইম-২)
২৪.	জনাব মোঃ ইহসানুল ফিরদাউস, এসি (রমনা জোন)
২৫.	জনাব মোঃ বদরুল হাসান, এসি (কোতয়ালী জোন)
২৬.	জনাব ইফতেখায়রুল ইসলাম, এসি (ডেমরা জোন)
২৭.	জনাব মোঃ সালাহ উদ্দিন, এসি (লালবাগ জোন)
২৮.	জনাব মোঃ সিরাজুল ইসলাম,পিপিএম-বার, এসি (চকবাজার জোন)

এছাড়াও সভায় সংশ্লিষ্ট থানার পুলিশ পরিদর্শক (তদন্ত) ও মামলার তদন্তকারী কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। সভায় উপস্থিত সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতে মামলার সুষ্ঠু তদন্ত নিশ্চিত করার উপর গুরুত্বারোপ করা হয়। আলোচিত প্রতিটি মামলার তদন্তকারী অফিসারকে বিস্তারিত জিজ্ঞাসাবাদ করে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করা হয়।

১। লালবাগ থানার মামলা নং-১৮, তাং-১১/০৫/১৭খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ভিকটিম একজন পেশাদার অপরাধী। সে নিউমার্কেট এলাকায় ছিনতাই করতে গিয়ে গনপিটুনিতে আহত হয় এবং হাসপাতালে মারা যায়। ময়না তদন্ত রিপোর্ট পাওয়া যায়নি।

সিদ্ধান্ত ঃ (১) ময়না তদন্ত রিপোর্ট সংগ্রহ করে মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২। চকবাজার থানার মামলা নং-৩৫, তাং-২৮/০৫/১৭ খ্রিঃ ধারা-১৪৩/৩২৩/৩২৬/৩০৭/৩৭৯/৫০৬ পিসি সংযোজিত ৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার এজাহারনামীয় ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়। প্রত্যক্ষদর্শী ০৩জন সাক্ষীর জবানবন্দি রেকর্ড করানো হয়। ময়না তদন্ত রিপোর্ট পাওয়া যায়নি।

সিদ্ধান্ত ঃ **(১) মামলার প্রধান আসামীকে গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) আসামীদের রিমান্ডে এনে জিজ্ঞাসাবাদ করে ১৬৪ ধারায় জবানবন্দি রেকর্ড করানোর নির্দেশ প্রদান করা হয়।
(৩) হত্যাকান্ডে ব্যবহৃত ছুরি উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(৪) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩। চকবাজার থানার মামলা নং-৩৭, তাং-৩০/০৫/১৭খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, জমি-জমা নিয়ে ভাই বোনের মাঝে দ্বন্দের জেরে মারামারির এক পর্যায়ে দেয়ালে ধাক্কা খেয়ে ভিকটিম মারা যায়। এ সংক্রান্তে ০৪ জন আসামীর মধ্যে ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) সালিশে অংশগ্রহণকারী ব্যক্তিদের জবানবন্দি রেকর্ড করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) ময়না তদন্ত রিপোর্ট সংগ্রহ করে মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।
(৩) অদ্যবধি ঘটনাস্থল পরিদর্শন না করায় এডিসি (চকবাজার) এবং এসি (চকবাজার) কে কৈফিয়ত তলবের নির্দেশ প্রদান করা হয়।
(৪) মামলার তদন্তকারী কর্মকর্তা সিডি ছাড়া কোর্টে রিমান্ডের আবেদন প্রেরণ করায় তার কৈফিয়ত তলবের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪। বংশাল থানার মামলা নং-১৮, তাং-১৬/০৫/১৭খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি বিজ্ঞ আদালতের নির্দেশে রুজু হয়। ময়না তদন্ত রিপোর্টে ডাক্তার ঘটনাটি আত্নহত্যা বলে জানান।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিম লীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৫। যাত্রাবাড়ী থানার মামলা নং-৭০, তাং-২০/০৫/১৭খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, মামলার ঘটনায় জড়িত এজাহারনামীয় ১২ জন আসামীর মধ্যে ০৯ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ০৩ জন আসামী বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ **(১) হত্যাকান্ডে ব্যবহৃত ধারালো ছুরি উদ্ধার ও জড়িত অপর ০৩ জন আসামীদের গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) প্রত্যক্ষদর্শী আরো সাক্ষীদের জবানবন্দি রেকর্ড করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

৬। কদমতলী থানার মামলা নং-৬১, তাং-২২/০৫/১৭খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, মামলার ভিকটিম পুরোপুরি সনাক্ত হয়নি তবে সে ইমরান (৩০) বলে জানা গেছে। মামলার ঘটনায় জড়িত ০৪ জন আসামীর মধ্যে ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ০৩ জন আসামীই বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ **(১) মামলার তদন্তের অগ্রগতি সন্তোষজনক হওয়ায় তদন্তকারী কর্মকর্তাকে পুরুস্কৃত করার জন্য বিভাগের ডিসিকে নির্দেশ প্রদান করা হয়।**
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৭। কদমতলী থানার মামলা নং-৬৮,তাং-২৬/০৫/১৭খ্রিঃ ধারা-৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার এজাহারনামীয় আসামী মিতু আক্তার গ্রেফতার হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। হত্যাকন্ডের আলামত জব্দ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) মামলার তদন্তের অগ্রগতি সন্তোষজনক হওয়ায় তদন্তকারী কর্মকর্তাকে পুরুস্কৃত করার জন্য বিভাগের ডিসিকে নির্দেশ প্রদান করা হয়।**

(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

৮। কদমতলী থানার মামলা নং-৭৩, তাং-২৭/০৫/১৭খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিমকে সনাক্ত করা সম্ভব হয়নি ।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) ভিকটিমকে সনাক্তের নির্দেশ প্রদান করা হয়।**
(২) ঘটনার মূল রহস্য উদ্ধার ও জড়িত মূল আসামীদের গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

৯। ডেমরা থানার মামলা নং-৪৭, তাং-২৮/০৫/১৭খ্রিঃ ধারা-৩০২/২০১/৩৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি ভিকটিমকে হত্যা করে লাশ গুম করার ঘটনা। সিসি টিভি ফুটেজ সংগ্রহ করে আসামী সনাক্তের চেষ্টা করা হচ্ছে। মামলায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই ।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) ঘটনার মূল রহস্য উদ্ধার ও জড়িত মূল আসামীদের গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) ভিকটিমের কারো সাথে পূর্ব শত্রুতা ছিল কিনা তা খতিয়ে দেখার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

১০। মতিঝিল থানার মামলা নং-৩৮, তাং-২৫/০৫/১৭খ্রিঃ ধারা-৩০২/২০১/৩৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার ভিকটিমকে সনাক্ত করা সম্ভব হয়নি। সন্দিগ্ধ হিসাবে হোটেলের ০২ জন কর্মচারীকে গ্রেফতার করা হয়েছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) ঘটনার মূল রহস্য উদ্ধার ও জড়িত মূল আসামীদের গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) ভিকটিম সনাক্ত করার ব্যবস্থা গ্রহণের নির্দেশ প্রদান করা হয়।
(৩) হোটেল কর্তৃপক্ষের কেউ জড়িত আছে কিনা তা খতিয়ে দেখার নির্দেশ প্রদান করা হয়।
(৪) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ ও পুলিশ পরিদর্শক (তদন্ত) সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

১১। খিলগাঁও থানার মামলা নং-৪২, তাং-১৮/০৫/১৭খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে সহকারী পুলিশ কমিশনার জানান যে, অত্র মামলার ঘটনায় মূল আসামী ০১জন কে গ্রেফতার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে ফৌঃ কাঃ বিঃ-১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দি প্রদান করেছে। জবানবন্দিতে আরো ০৩ জন আসামীর নাম প্রকাশ করে। তাদের গ্রেফতারের চেষ্টা অব্যাহত আছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) ঘটনায় জড়িত অপর ০৩ জন আসামীকে দ্রুত গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

১২। খিলগাঁও থানার মামলা নং-২৯, তাং-১২/০৫/১৭খ্রিঃ ধারা-৩০২ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি স্ত্রী'র পরকীয়া প্রেমের জেরে স্বামী কর্তৃক স্ত্রীকে হত্যার ঘটনা। ঘটনায় জড়িত ঘাতক স্বামীকে গ্রেফতার করা হয়েছে। ০৭ জন সাক্ষীর ১৬১ ধারায় জবানবন্দি রেকর্ড করা হয়েছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) ঘটনার পারিপার্শ্বিক সাক্ষ্য সংগ্রহ করে মামলার মূল রহস্য উদঘাটন করার নির্দেশ প্রদান করা হয়**
(২) ময়না তদন্ত রিপোর্ট সংগ্রহ পূর্বক মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন ।

১৩। মুগদা থানার মামলা নং-১৪, তাং-১০/০৫/১৭ খ্রিঃ ধারা-১১৪/৩০২/৩৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলাটি বিজ্ঞ আদালতের নির্দেশে রুজু করা হয়েছে। মামলায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই ।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) ঘটনার মূল রহস্য উদ্ধার ও জড়িত মূল আসামীদের আগামী ১৫ দিনের মধ্যে গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয় এবং ১৫ দিন পর তদন্তকারী কর্মকর্তা, ইন্সপেক্টর(তদন্ত) এবং জোনাল এসিকে কেস ডকেটসহ যুগ্ম-পুলিশ কমিশনার(অপরাধ) এর দপ্তরে হাজির হওয়ার নির্দেশ প্রদান করেন।**

(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৪। শেরেবাংলা নগর থানার মামলা নং-৩৩, তাং-২৮/০৫/১৭ খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ভিকটিম আত্মহত্যা করেছে মর্মে প্রতীয়মান হয়। ময়না তদন্ত রিপোর্ট পেলে সে অনুযায়ী আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।

সিদ্ধান্ত ঃ **(১) ময়না তদন্ত রিপোর্ট সংগ্রহ পূর্বক মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৫। মিরপুর মডেল থানার মামলা নং-৩৫, তাং-১৬/০৫/১৭ খ্রিঃ ধারা-৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিম হাসপাতালে মারা গেলে পুলিশকে সংবাদ না দিয়ে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় লাশ দাফন করা হয়। পরবর্তীতে মামলা রুজু হলে বিজ্ঞ আদালত কবর হতে লাশ উত্তোলন করে লাশের ময়না তদন্ত করার নির্দেশ প্রদান করেন।

সিদ্ধান্ত ঃ **(১) দ্রুত কবর হতে লাশ উত্তোলন করে লাশের ময়না তদন্ত করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৬। মিরপুর মডেল থানার মামলা নং-৬৩, তাং-২৫/০৫/১৭ খ্রিঃ ধারা-৩০২/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় সন্দিগ্ধ ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ভিকটিমের ময়না তদন্ত রিপোর্ট পাওয়া যায়নি।

সিদ্ধান্ত ঃ **(১) ময়না তদন্ত রিপোর্ট সংগ্রহ পূর্বক মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৭। ভাষানটেক থানার মামলা নং-০৬, তাং-০৯/০৫/১৭ খ্রিঃ ধারা-৩০২/৩৪/২০১ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি স্বামী কর্তৃক স্ত্রীকে হত্যার ঘটনা। ঘটনার সাথে জড়িত ঘাতক স্বামীকে গ্রেফতার করা হয়েছে। আসামী বিজ্ঞ আদালতে ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে। হত্যাকান্ডের আলামত জব্দ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**
(২) মামলার তদন্তের অগ্রগতি সন্তোষজনক হওয়ায় তদন্তকারী কর্মকর্তাকে পুরুস্কৃত করার জন্য বিভাগের ডিসিকে নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৮। পল্লবী থানার মামলা নং-০৮, তাং-০৬/০৫/১৭ খ্রিঃ ধারা-৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি স্বামী কর্তৃক স্ত্রীকে হত্যার ঘটনা। ঘটনার সাথে জড়িত ঘাতক স্বামীকে গ্রেফতার করা হয়েছে। আসামী বিজ্ঞ আদালতে ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে। হত্যাকান্ডে ব্যবহৃত দা উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**
(২) মামলার তদন্তের অগ্রগতি সন্তোষজনক হওয়ায় তদন্তকারী কর্মকর্তাকে পুরুস্কৃত করার জন্য বিভাগের ডিসিকে নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

১৯। বাড্ডা থানার মামলা নং-১৩, তাং-১৩/০৫/১৭খ্রিঃ ধারা-৩০২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলাটি স্বামী কর্তৃক স্ত্রীকে হত্যার ঘটনা। ঘটনার সাথে জড়িত ঘাতক স্বামীকে গ্রেফতার করা হয়েছে। আসামী বিজ্ঞ আদালতে ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে। হত্যাকান্ডে ব্যবহৃত ইট উদ্ধার করা হয়েছে ।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।**
(২) মামলার তদন্তের অগ্রগতি সন্তোষজনক হওয়ায় জোনাল ডিসি তদন্তকারী কর্মকর্তাকে পুরুস্কৃত করার নির্দেশ প্রদান করেছেন।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২০। ভাটারা থানার মামলা নং-৪৯, তাং-৩১/০৫/১৭খ্রিঃ ধারা-৩০২/২০১/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে পুলিশ পরিদর্শক (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত মূল আসামীসহ মোট ০৪ জন কে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০১জন আসামী বিজ্ঞ আদালতে ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ **(১) বিভাগের ডিসি কর্তৃক তদন্তকারী অফিসারকে পুরস্কৃত করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) ময়না তদন্ত রিপোর্ট সংগ্রহপূর্বক মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২১। কোতয়ালী থানার মামলা নং-১৩, তাং-১২/০৫/১৭খ্রিঃ ধারা-৩৯৫/৩৯৭ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় হাতে-নাতে ০১ জন আসামীকে গ্রেফতার করা হয়। তার দেওয়া তথ্য মতে আরো ০৩জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। তন্মধ্যে ০২ জন আসামী বিজ্ঞ আদালতে ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে। জবানবন্দীতে ০৮জন ডাকাতের নাম পাওয়া গেছে। তাদেরকে গ্রেফতারের চেষ্টা অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ **(১) পলাতক ০৮ আসামীর নাম-ঠিকানা সংগ্রহ পূর্বক গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) লুন্ঠিত টাকা উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) ডিবিকে মামলার ছায়া তদন্ত করার নির্দেশ প্রদান করা হয়।
(৪)মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২২। ডেমরা থানার মামলা নং-২২, তাং-১৬/০৫/১৭খ্রিঃ ধারা-১৭০/৩৯৫/৩৯৭ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনার ঘটনাটি বানোয়াট বলে প্রতীয়মান হচ্ছে। বিজ্ঞ আদালতের নির্দেশে মামলাটি রুজু করা হয়।

সিদ্ধান্ত ঃ **(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।**
(২) বাদীর বিরুদ্ধে দঃবিঃ ২১১ ধারায় ব্যবস্থা নেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লিডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৩। ডেমরা থানার মামলা নং-৪৯, তাং-২৯/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৯৫/৩৯৭ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার তদন্তে উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ **(১) মামলার তদন্তের অগ্রগতি সন্তোষজনক নয়।**
(২) ঘটনায় জড়িত আসামীদের গ্রেফতার ও লুন্ঠিত গাড়ী উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(৪) তদারকি অফিসারকে মামলাটি ব্যক্তিগত ভাবে মনিটরিং করার নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৪। সবুজবাগ থানার মামলা নং-৩৫, তাং-২৫/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৯৫/৩৯৭/৪১২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় হাতেনাতে ০১জন সহ মোট ০২জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ০২ জন আসামীই বিজ্ঞ আদালতে ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে। জবানবন্দীতে আরো ০৬ জন ডাকাতের নাম পাওয়া গেছে। তাদেরকে গ্রেফতারের চেষ্টা অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ **(১) পলাতক ০৬ জন আসামীর নাম-ঠিকানা সংগ্রহ পূর্বক গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।**
(২) বিভাগের ডিসিকে ব্যক্তিগত ভাবে মামলাটি মনিটরিং করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) ডিবিকে মামলার ছায়া তদন্ত করার নির্দেশ প্রদান করা হয়।
(৪) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৫। দক্ষিণখান থানার মামলা নং-০২,তাং-০১/০৫/১৭খ্রিঃ ধারা-৩৯৫/৩৯৭ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলায় সন্দিগ্ধ ০১জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। এছাড়া উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ
(১) মামলার তদন্তের অগ্রগতি সন্তোষজনক নয়।
(২) জোনাল এডিসি'র তত্ত্বাবধানে আসামীদের গ্রেফতার ও লুণ্ঠিত মালামাল উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(৪) উক্ত ঘটনা যাতে পুনরাবৃত্তি না ঘটে সেজন্য অপরাধ প্রতিরোধমূলক ব্যবস্থা ও টহল পার্টি জোরদার করা প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য ডিসি (উত্তরা) কে নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৬। দক্ষিণখান থানার মামলা নং-৩০, তাং-১৭/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৯৫/৩৯৭ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলায় সন্দিগ্ধ ০১জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। এছাড়া উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ
(১) মামলার তদন্তের অগ্রগতি সন্তোষজনক নয়।
(২) বিভাগের ডিসি'র ব্যক্তিগত তত্ত্বাবধানে আসামীদের গ্রেফতার ও লুণ্ঠিত মালামাল উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(৪) এরুপ ঘটনা যাতে পুনরাবৃত্তি না ঘটে সেজন্য অপরাধ প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়ার জন্য ডিসি (উত্তরা) কে নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৭। রমনা মডেল থানার মামলা নং-০৬, তাং-০২/০৫/১৭খ্রিঃ ধারা-৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত ০৩জন আসামীর মধ্যে ০২জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। লুণ্ঠিত মোটর সাইকেল উদ্ধার করা হয়েছে। প্রত্যক্ষদর্শী ০৩জন সাক্ষীর জবানবন্দি রেকর্ড করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ
(১) পলাতক অপর ০১ জন আসামীকে গ্রেফতার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) ঘটনায় ব্যবহৃত চাকু ও বাঁশের লাঠি জব্দ করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৮। ধানমন্ডি থানার মামলা নং-০১, তাং-০২/০৫/১৭খ্রিঃ ধারা-৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই। ঘটনায় জড়িত ছিনতাইকারী গ্রুপকে সনাক্তকরণের চেষ্টা অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ
(১) মূল গ্রুপকে সনাক্ত করে লুণ্ঠিত টাকা উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) ধানমন্ডি থানা এলাকায় টহল জোরদার করার জন্য ডিসি (রমনা) কে নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টীম লিডার, ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

২৯। খিলগাঁও থানার মামলা নং-০৯, তাং-০৪/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ডিসি (ডিবি-পূর্ব) জানান যে, অত্র মামলায় উল্লেখযোগ্য কোন অগ্রগতি নেই।

সিদ্ধান্ত ঃ
(১) মূল গ্রুপকে সনাক্ত করে লুণ্ঠিত টাকা উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, টিমলীডার ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩০। খিলগাঁও থানার মামলা নং-৫৭, তাং-২৪/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত কোন আসামীকে গ্রেফতার করা সম্ভব হয়নি।

সিদ্ধান্ত ঃ
(১) মামলার তদন্তের অগ্রগতি সন্তোষজনক নয়।
(২) ঘটনায় জড়িত মূল আসামীদের গ্রেফতার ও লুণ্ঠিত মালামাল উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয়।

(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(৪) এরূপ ঘটনা যাতে পুনরাবৃত্তি না ঘটে সেজন্য অপরাধ প্রতিরোধমূলক ব্যবস্থা নেওয়ার জন্য নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩১। মতিঝিল থানার মামলা নং-১২, তাং-০৭/০৫/১৭খ্রিঃ ধারা-১৭০/৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে সভায় আলোচনাকালে ইন্সপেক্টর (তদন্ত) জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত ছিনতাইকারী শাহীন গ্রুপকে সনাক্ত করা হয়েছে। তাদেরকে গ্রেফতারের চেষ্টা অব্যাহত আছে।

সিদ্ধান্ত ঃ
(১) মামলার তদন্তের অগ্রগতি সন্তোষজনক নয়।
(২) আগামী ১৫ দিনের মধ্যে ঘটনায় জড়িত মূল আসামীদের গ্রেফতার ও লুণ্ঠিত মালামাল উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয় অন্যথায় তদন্তকারী কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করার নির্দেশ প্রদান করা হয়।
(৩) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।
(৪) আগামী ১৫ দিন পর মামলার কেস ডকেটসহ তদন্তকারী কর্মকর্তা, ইন্সঃ(তদন্ত) ও জোনাল এসিকে অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্) মহোদয়ের দপ্তরে হাজির হওয়ার নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩২। শেরেবাংলা নগর থানার মামলা নং-০৪, তাং-০২/০৫/১৭খ্রিঃ ধারা-৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত ০২জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ছিনতাইকৃত ২৬,০০০/-টাকা ও ১টি মোবাইল সেট উদ্ধার করা হয়েছে। ছিনতাই কাজে ব্যবহৃত মোটর সাইকেল জব্দ করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ
(১) বিভাগের ডিসি কর্তৃক তদন্তকারী অফিসারকে পুরস্কৃত করার নির্দেশ প্রদান করা হয়।
(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৩। শেরেবাংলানগর থানার মামলা নং-২৭, তাং-২২/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে জোনাল এসি জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত ০৪জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ছিনতাইকৃত ল্যাপটপ, মডেম ও পেনড্রাইভ উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ
(১) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৪। শেরেবাংলানগর থানার মামলা নং-২৯, তাং-২৩/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৯২ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি তদন্ত সম্পন্ন করে বিজ্ঞ আদালতে চূড়ান্ত রিপোর্ট দাখিল করা হয়েছে।

৩৫। বিমানবন্দর থানার মামলা নং-১৬, তাং-১৬/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৯৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ঘটনায় জড়িত ০৫জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। লুণ্ঠিত গাড়ী উদ্ধার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ
(১) মামলাটি সিরিয়াস ক্রাইম ইনভেস্টিগেশন বিভাগে হস্তান্তরের সিদ্ধান্ত গৃহিত হয় ।
(২)মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৬। ধানমন্ডি মডেল থানার মামলা নং-১৫, তাং-১৭/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৬৫/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিম একজন ওয়ারেন্ট ভুক্ত আসামী সে টাংগাইলে গ্রেফতার আছে। মামলার অভিযোগ মিথ্যা বলে প্রতীয়মান হয়।

সিদ্ধান্ত ঃ
(১)মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৭। হাজারীবাগ থানার মামলা নং-১৯, তাং-১৪/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৫/৩৪/৩৮৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিমকে উদ্ধার করা হয়েছে। সে বিজ্ঞ আদালতে জবানবন্দি প্রদান করেছে। ঘটনায় জড়িত ০৪জন আসামীর মধ্যে ০২জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) ঘটনায় জড়িত অপর ০২ আসামীকে গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয় ।**
(২)মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৮। কোতয়ালী থানার মামলা নং-০৬, তাং-০৪/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৬৪/৫০৬/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিম উদ্ধার হয়েছে। মামলার অভিযোগ মিথ্যা বলে প্রতিয়মান হচ্ছে।

সিদ্ধান্ত ঃ **(১) বাদীর বিরুদ্ধে পেনাল কোড ২১১ ধারায় আইনগত ব্যবস্থা নেয়ার নির্দেশ প্রদান করা হয় ।**
(২)মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৩৯। ওয়ারী থানার মামলা নং-১৩, তাং-১৩/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৪২/৩৬৫/৩২৩/৩০৭/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিম উদ্ধার করা হয়েছে। ঘটনায় জড়িত ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। ০২ জন আসামীই বিজ্ঞ আদালতে ফৌঃকাঃ ১৬৪ ধারা মোতাবেক স্বীকারোক্তিমূলক জবানবন্দী প্রদান করেছে।

সিদ্ধান্ত ঃ **(১) ঘটনায় জড়িত অপর ০৫ জন আসামীকে গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয় ।**
(২)মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪০। যাত্রাবাড়ী থানার মামলা নং-১৯, তাং-০৭/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৬৫ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিমকে উদ্ধার করা সম্ভব হয়নি। তবে ঘটনায় জড়িত ০৩ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে।

সিদ্ধান্ত ঃ **(১) মামলাটি তদন্তে ডিবি-পূর্ব বিভাগকে সার্বিক সহযোগিতা করার নির্দেশ প্রদান করা হয় ।**
(২) মামলার ভিকটিমকে দ্রুত উদ্ধারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য নির্দেশ প্রদান করা হয়।
(৩)মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪১। ডেমরা থানার মামলা নং-২১,তাং-১৬/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৬৫/১০৯/৫০৬ পিসি

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিমকে উদ্ধার করা সম্ভব হয়নি। সন্দিগ্ধ ০২ জন আসামীকে গ্রেফতার করা হয়েছে। বিজ্ঞ আদালতের নির্দেশে মামলাটি রুজু হয়।

সিদ্ধান্ত ঃ **(১) ঘটনায় জড়িত মূল আসামীদের গ্রেফতার ও ভিকটিমকে উদ্ধার করার নির্দেশ প্রদান করা হয় ।**
(২) মামলাটি ডিএমপি মনিটরিং সেলে অন্তর্ভূক্ত করার সিদ্ধান্ত গৃহীত হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪২। সবুজবাগ থানার মামলা নং-১৫, তাং-১৩/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৫/৩৮৬ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলাটি সিআইডি কর্তৃক তদন্তাধীন আছে। মামলার ভিকটিম উদ্ধার আছে।

৪৩। পল্টন থানার মামলা নং-৩১, তাং-২৪/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৬৫/৩৪২/৩২৩/৩২৪/৩৮৫/৫০৬/৩৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিম উদ্ধার আছে। ঘটনায় জড়িত ০৫ জন আসামী গ্রেফতার আছে।

সিদ্ধান্ত ঃ **(১) ঘটনায় জড়িত অপর ০৩ আসামীকে গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয় ।**
(২)মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪৪। খিলগাঁও থানার মামলা নং-১৪, তাং-০৫/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৬৫/৩২৮/৩৪২/৩২৩/৩৮৫/৩৮৬/৫০৬/১১৪ পিসি।

আলোচনা ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিম উদ্ধার আছে। ঘটনায় জড়িত ০২ জন আসামী গ্রেফতার আছে।

সিদ্ধান্ত ঃ **(১) ঘটনার সহযোগী অপর ০৪ আসামীকে গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয় ।**
(২)মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

(৩) বিকাশের মাধ্যমে লেনদেনকৃত মুক্তিপণের টাকা উদ্ধারের নির্দেশ প্রদান করা হয়।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

৪৫। শেরেবাংলা থানার মামলা নং-২১, তাং-১৬/০৫/১৭ খ্রিঃ ধারা-৩৬৫/৩৮৫/৩৮৬/৩৮৪/৩২৩/৫০৬/৩৪ পিসি।

<u>আলোচনা</u> ঃ অত্র মামলা সংক্রান্তে আলোচনাকালে তদন্তকারী অফিসার জানান যে, অত্র মামলার ভিকটিম উদ্ধার আছে। ঘটনায় জড়িত ০১ জন আসামী গ্রেফতার আছে। স্বাক্ষরিত খালি স্ট্যাম্প ও ১৫,০০০/-টাকা উদ্ধার আছে।

<u>সিদ্ধান্ত</u> ঃ **(১) ঘটনার সহযোগী অপর ০৩ আসামীকে গ্রেফতারের নির্দেশ প্রদান করা হয় ।**

(২) মেরিট অনুযায়ী মামলার তদন্ত নিস্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয় ।

সংশ্লিষ্ট বিভাগের উপ-পুলিশ কমিশনার, অতিঃ উপ-পুলিশ কমিশনার, জোনাল এসি, অফিসার ইনচার্জ, পুলিশ পরিদর্শক (তদন্ত) ও তদন্তকারী কর্মকর্তা সিদ্ধান্ত বাস্তবায়ন করবেন।

সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যকে মামলা তদন্তের পাশাপাশি আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখার জন্য আন্তরিকভাবে কাজ করার নির্দেশনা প্রদান করেন। বিশেষ করে ধানমন্ডি,খিলগাঁও,যাত্রাবাড়ী,ডেমরা ও দক্ষিণখান থানা এলাকায় ডাকাতি ও দস্যুতা প্রতিরোধে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য সংশ্লিষ্ট ডিসি/এডিসি/এসি ও অফিসার ইনচার্জগণকে নির্দেশ প্রদান করেন। পবিত্র মাহে রমজানে বড় অংকের নগদ অর্থ বহনের সময় পুলিশের সহায়তা গ্রহন করার জন্য সম্মানিত নগরবাসীকে পরামর্শ প্রদান করার জন্য নির্দেশ প্রদান করেন। সভাপতি মহোদয় আরো ভালভাবে মামলা তদন্তে মনোনিবেশ করার পরামর্শ দেন। গুরুত্বপূর্ণ ও স্পর্শকাতর মামলার (খুন,ডাকাতি,দস্যুতা) ক্ষেত্রে জোনাল ডিসিদের অবশ্যই ঘটনাস্থল পরিদর্শন এবং ব্যক্তিগতভাবে মামলা তদারকী করার নির্দেশনা প্রদান করেন। জোনাল এডিসি/এসিদের খুন মামলার ক্ষেত্রে সুরতহাল প্রতিবেদন পর্যবেক্ষণের নির্দেশ দেন। কমপক্ষে ৬০% আসামী গ্রেফতার করে মামলা নিস্পত্তি করার জন্য পরামর্শ প্রদান করেন এবং নারী ও শিশু নির্যাতন দমন আইনে রুজুকৃত মামলার ক্ষেত্রে মূল আসামীদের গ্রেফতার করার নির্দেশনা প্রদান করেন। অপরাধ বিভাগে সংঘটিত যে কোন আলোচিত/চাঞ্চল্যকর/উল্লেখযোগ্য অপরাধের বিষয়ে ডিবি'র সংশ্লিষ্ট বিভাগকে তাৎক্ষণিক অবহিত করার নির্দেশ প্রদান করা হয়। পাশাপাশি যুগ্ম পুলিশ কমিশনার (ক্রাইম) এবং অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্) কে জানানোর জন্যও নির্দেশ প্রদান করা হয়। যে সকল মামলাগুলির রহস্য এখন পর্যন্ত উদঘাটিত হয়নি সে সকল মামলাগুলির রহস্য অতি শীঘ্রই উদঘাটন করার লক্ষ্যে সকলকে আন্তরিকতার সহিত কাজ করার নির্দেশ প্রদান করা হয়। রমনা/লালবাগ/মতিঝিল/ওয়ারী/গুলশান/মিরপুর/তেজগাঁও/উত্তরা বিভাগে গত মে/১৭ খ্রিঃ মাসে রুজুকৃত খুন, ডাকাতি, দস্যুতা ও অপহরণ মোট ৪৫ টি মামলা সম্পর্কে আলোচনা হয়। তন্মধ্যে ১৩ টি মামলা ডিএমপি মনিটরিং সেলের অন্তর্ভুক্ত করা হয়। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
অতিরিক্ত পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ও
সভাপতি
মামলা তদন্ত মনিটরিং কমিটি

স্মারক নং-ডিএমপি (সঃদঃ)/অপরাধ/মঃ সেল/৩৯-২০১৭/অংশ-৪/ তারিখ- -০৬-২০১৭ খ্রিঃ।

<u>অনুলিপি প্রেরণ করা হলো ঃ</u>

১। উপ-পুলিশ কমিশনার (রমনা/লালবাগ/ওয়ারী/মতিঝিল/তেজগাঁও/মিরপুর/গুলশান/উত্তরা/ডিবি-উত্তর /পশ্চিম / পূর্ব/দক্ষিণ/সিরিয়াস ক্রাইম ইনভেস্টিগেশন/অপরাধতথ্য ও প্রসিকিউশন) বিভাগ, ডিএমপি, ঢাকা।
২। এসি (রমনা/ধানমন্ডি/লালবাগ/চকবাজার/কোতয়ালী/ওয়ারী/ডেমরা/শ্যামপুর/খিলগাঁও/সবুজবাগ/মতিঝিল/ তেজগাঁও/মিরপুর/বাড্ডা/উত্তরা/বিমানবন্দর/দক্ষিণখান) ডিএমপি, ঢাকা।
} অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য।

৩। পি এ টু পুলিশ কমিশনার, ডিএমপি, ঢাকা।
৪। পি এ টু অতিঃ পুলিশ কমিশনার (ক্রাইম এন্ড অপস্), ডিএমপি, ঢাকা।
৫। পি এ টু যুগ্ম-পুলিশ কমিশনার (ক্রাইম), ডিএমপি, ঢাকা।
} অবগতির জন্য।

৭। অফিস নথি।

(মীর রেজাউল আলম বিপিএম-সেবা)
বিপি-৬৯৯৫০৪৬৪৭৯
যুগ্ম পুলিশ কমিশনার (অপারেশন্স)
অতিরিক্ত দায়িত্বে যুগ্ম পুলিশ কমিশনার (অপরাধ)
ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা।
ফোন-৯৩৫০৩৪১, ফ্যাক্স-৯৩৬১৪৯৭
ই-মেইল ঃ jccrime@dmp.gov.bd